


১৩/১১/০৭

১৩/১১/০৭

NOV. 20 2007

## যাত্রা শুরু করলো ওয়েব পোর্টাল এডুকেশনডেস্ক ডট কম

উইনি সফট লিমিটেড গত ১৬ নভেম্বর আইডিবি মিলনায়তনে এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে বাংলাদেশের অন্যতম বৃহৎ এডুকেশন পোর্টাল <http://www.educationdesk.com>-এর উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. জাফর ইকবাল। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, যতোদিন যাচ্ছে তথ্যপ্রযুক্তিখাতে মানুষের আগ্রহ বাড়ছে। এই ক্রমবর্ধমান চাহিদার ভিড়ে অতি মুনামা চোখে পড়ে। কিন্তু উইনি সফটের অলাভজনক উদ্যোগ সত্যিই মঙ্গলজনক। আমাদের পণ্যভিত্তিক উৎপাদন বাড়াতে হবে। এ জন্য তিনি যুব সমাজকে উদ্দেশ্য করে বলেন, সাধারণ লেখাপড়ায় চলবে না। কম্পিউটার বিসয়ে পড়তে চাইলে কঠোর পরিশ্রমের বিকল্প নেই। উইনি সফটের তৈরিকৃত পোর্টাল সম্পূর্ণ অলাভজনক প্রকল্পের অধীনে করা হয়েছে। পোর্টালটিতে মোট ১৮৮০ পৃষ্ঠা আছে। এডুকেশন টেওয়ার্ক, মডেল টেস্ট ভিত্তিক আইটি সল্যুশন, স্টুডেন্ট ফোরাম, ফিউচার ফোরকাস্টিং, টোফেল, ম্যাট জিআরই, কারেন্ট নিউজের হটলাইন ছাড়াও জবলাইন প্রভৃতি বিভাগ আছে। আয়োজকরা আশা করছেন নতুন এই বৃহৎ পোর্টালটি সাধারণ মানুষের মধ্যে সাজা জাগাতে সক্ষম হবে। উইনি সফট ওয়েব পোর্টাল ছাড়াও বিভিন্ন সফটওয়্যার তৈরি করে থাকে। উদ্বোধনী অনুষ্ঠান শেষে




কুইজ প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয়।

□ সিজার

## মাইক্রোসফট সত্যায়িত নিউরাল এডুকেশন সেন্টার

পৃথিবীব্যাপী তথ্যপ্রযুক্তিখাতে এক বিপ্লবের নাম মাইক্রোসফট। পৃথিবীজুড়ে বিস্তৃত মাইক্রোসফটের কার্যক্রম। সম্প্রতি মাইক্রোসফট সার্টিফাইড টেকনিক্যাল এডুকেশন সেন্টার হিসেবে নিউরাল সিস্টেম লিমিটেড আত্মপ্রকাশ করলো। নিউরাল সিস্টেম লিমিটেড এখন থেকে মাইক্রোসফট সার্টিফাইড পার্টনার ও মাইক্রোসফট সার্টিফাইড টেকনিক্যাল এডুকেশন সেন্টার হিসেবে মাইক্রোসফট কর্তৃপক্ষের কোর্স কার্যক্রম পরিচালনার জন্য অনুমতি পেলো। বাংলাদেশে নিউরাল সিস্টেম লিমিটেড তৃতীয় প্রতিষ্ঠান যারা মাইক্রোসফটের পার্টনার হয়ে কাজ করার সুযোগ পেলো। এখন থেকে নিউরাল মাইক্রোসফটের সকল কোর্স পরিচালনা করতে পারবে। এই কোর্সগুলো মাইক্রোসফট কর্তৃপক্ষ নির্ধারিত কোর্স কারিকুলাম অনুযায়ী পরিচালিত হবে। এ সম্পর্কে জানাতে গিয়ে নিউরালের ম্যানেজিং ডিরেক্টর জুবায়ের মাহমুদ জানান, নিউরাল বর্তমান তথ্যপ্রযুক্তিখাতে দক্ষ জনশক্তি গড়ে তোলার জন্য বন্ধপরিচর।



এরই ধারাবাহিকতায় মাইক্রোসফটের নিজস্ব কোর্স কারিকুলাম অনুযায়ী, মাইক্রোসফট সার্টিফাইড প্রশিক্ষক দিয়ে শিক্ষার্থীদের প্রশিক্ষণ দেওয়া হবে। যেন তারা খুব সহজেই মাইক্রোসফটের কোর্স ও পরীক্ষা সম্পর্কে সঠিকভাবে নিজেদের তৈরি করে নিতে পারে। আগ্রহী শিক্ষার্থীরা mcp, mcsa, mcscd, mcse, mcad, mcdba, mct কোর্সগুলো নিউরাল সেন্টারে সমাপ্ত করতে পারবেন। নিউরালের সব শিক্ষকই মাইক্রোসফট সার্টিফাইড শিক্ষক এবং প্রত্যেকেই মাইক্রোসফট কোর্স কারিকুলাম সম্পর্কে বিশেষভাবে প্রশিক্ষণপ্রাপ্ত। এ ছাড়াও নিউরাল কর্তৃপক্ষ ncc পরিচালিত বিভিন্ন মেয়াদি কম্পিউটার কোর্স ও জাতীয় বিশ্ববিদ্যালয় এবং কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত বিভিন্ন মেয়াদি কোর্স অফার করে থাকে। বিস্তারিত তথ্যের জন্য ৮/১, আওরঙ্গজেব রোড, ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭। ফোন : 8127037, 8128515, E-mail: neural@bdmail.net এই ঠিকানায় যোগাযোগ করুন।

□ খলা আক্বাল